



# ##বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

৯২ হাওড়া-আমতা রোড, বালিটিকুরী, দাসনগর, হাওড়া - ৭১১১১৩

(Regd. No. - 28(HOW), Date - 23.04.1974)

Memo. No.- ELEC/BCBL/ 04

Date -28.08.2024

[প্রতিনিধি নির্বাচন-২০২৪ (Delegates Election-2024)]

খসড়া নির্বাচক তালিকা(Draft Electoral Roll)সংক্রান্ত বিজ্ঞপ্তি

সমবায় সমিতি সমূহের সহ-নিবন্ধক, হাওড়া বেঙ্গ তথা হাওড়া জেলার সমবায় সমিতি সমূহের নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ক রিটার্নিং অফিসার এর আদেশ নং ৯১৮ তাং ২৪.০৭.২০২৪ দ্বারা ক্ষমতা প্রাপ্ত হয়ে এবং পশ্চিমবঙ্গ সমবায় নির্বাচন কমিশন বেগুলেশন, ২০১২ অনুসারে, এতদ্বারা বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর সমস্ত সদস্য/সদস্যগণকে জানানো হচ্ছে যে উক্ত ব্যাঙ্কের আসন্ন বিশেষ সাধারণ সভার জন্য প্রতিনিধি নির্বাচন উপলক্ষে আজ ইংরাজী ২৮.০৮.২০২৪ তারিখ, বুধবার এই বিজ্ঞপ্তিটি প্রকাশিত হল। অত্র বিজ্ঞপ্তির সঙ্গে নির্বাচন ক্ষেত্র (Constituency) ভিত্তিক খসড়া নির্বাচক তালিকা সংযোজিত হল যা এই বিজ্ঞপ্তির অংশ হিসাবে পরিগনিত হবে।

এই বিজ্ঞপ্তিটি এবং নির্বাচন ক্ষেত্র অনুযায়ী খসড়া নির্বাচক তালিকা ব্যাঙ্কের প্রধান এবং শাখা অফিসগুলির নোটিস বোর্ডে এবং ব্যাঙ্কের Website-এ প্রকাশিত থাকবে।

ঐ খসড়া নির্বাচক তালিকা সংক্রান্ত কোন সংযোজন/সংশোধন কিংবা বিয়োজন বিষয়ে কোন সদস্য/সদস্যের কোন বক্তব্য/দাবি থাকলে অভিযোগের স্বপক্ষে যথোপযুক্ত প্রমাণ তথ্যাদি সহ আবেদনকারী নিজে অথবা তাঁর দ্বারা ক্ষমতা প্রাপ্ত (Authorised) ব্যক্তি তা লিখিত ভাবে ইংরাজির ২৯.০৮.২০২৪ (বৃহঃস্পতিবার) তারিখ থেকে ২৫.০৯.২০২৪ (বুধবার) তারিখের মধ্যে ব্যাঙ্কের প্রধান অফিসে যে কোন কাজের দিন (ছুটির দিন, সোমবার ব্যতীত) সকাল ৮.০০ টা থেকে বেলা ১১.০০ টা এবং বিকেল ৫.৩০ থেকে সন্ধ্যা ৭.৩০ এর মধ্যে প্রাপ্তি স্বীকার সাপেক্ষে জমা দিতে পারবেন। উপরোক্ত বক্তব্যের উপর আগামী ইংরাজির ২৪.০৯.২০২৪, ২৫.০৯.২০২৪ এবং ২৬.০৯.২০২৪ (যথাক্রমে মঙ্গলবার, বুধবার এবং বৃহঃস্পতিবার) তারিখ বেলা ১১.৩০ টা থেকে দুপুর ৩.০০ টা এর মধ্যে সহকারী রিটার্নিং অফিসার (Assistant Returning Officer) দ্বারা ব্যাঙ্কের প্রধান অফিস-গৃহে (৯২ হাওড়া-আমতা রোড, বালিটিকুরী, দাসনগর, হাওড়া - ৭১১১১৩) শুনানি হবে। আবেদনকারীকে ঐদিন শুনানির সময় তাহার বক্তব্যের স্বপক্ষে লিখিত/মুদ্রিত প্রমাণাদি সহ ব্যক্তিগত ভাবে উপস্থিত থাকতে বলা হচ্ছে। অন্যথায় একতরফা সিদ্ধান্ত গ্রহণ করা হবে। শুনানি শেষে চূড়ান্ত নির্বাচক তালিকা (Final Electoral Roll) আগামী ইংরাজি ০৩.১০.২০২৪ (বৃহঃস্পতিবার) তারিখে দুপুর ৩.০০ টায় ব্যাঙ্কের প্রধান ও শাখা অফিসগুলির নোটিস বোর্ডে এবং ব্যাঙ্কের Website-এ প্রকাশিত হবে।

আগামী ইংরাজি ২৯.০৮.২০২৪ (বৃহঃস্পতিবার) তারিখে খসড়া নির্বাচক তালিকা প্রকাশ সংক্রান্ত এই বিজ্ঞপ্তিটি “বর্তমান” এবং “সংবাদ প্রতিদিন” দৈনিক সংবাদপত্র-এ বিজ্ঞাপিত করা হবে।

(সমী: কুমার ভূক্ত)

সমবায় উন্নয়ন আধিকারিক,  
সমবায় অধিকার, হাওড়া বেঙ্গ

ও

অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার  
বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

Memo. No.- ELEC/BCBL/ 04(17)

Date - 28.08.2024

১। মুখ্য নির্বাহী আধিকারিক, বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড। তাকে এই বিজ্ঞপ্তি এবং নির্বাচন ক্ষেত্র অনুযায়ী খসড়া নির্বাচক তালিকা ইংরাজী ২৮.০৮.২০২৪ তারিখ, বুধবার ব্যাঙ্কের প্রধান এবং শাখা অফিসগুলির নোটিস বোর্ডে এবং ব্যাঙ্কের **Website** এ প্রকাশিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হচ্ছে। সেই সঙ্গে বহল প্রচারের জন্য কেবল মাত্র বিজ্ঞপ্তিটি “বর্তমান” এবং “সংবাদ প্রতিদিন” দৈনিক সংবাদপত্র-এ আগামী ইংরাজী ২৯.০৮.২০২৪ (বৃহঃস্পতিবার) তারিখে বিজ্ঞাপিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হচ্ছে।


এবং

এই বিজ্ঞপ্তির অনুলিপি যথাযথ গুরুত্ব সহকারে প্রদর্শনের অনুরোধ জানিয়ে প্রেরণ করা হল:

২। সমষ্টি উন্নয়ন আধিকারিক, সকল ব্লক (১৪ টি), হাওড়া জিলা।

৩। সমবায় সমিতিসমূহের সহ-নিবন্ধক, হাওড়া রেঞ্জ এবং জেলার সমবায় সমিতি সমূহের নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ক রিটার্নিং অফিসার।

৪। চেয়ার পার্সোন, হাওড়া পৌরনিগম।

  
28.08.2024

(সমীর কুমার ভূত)

সমবায় উন্নয়ন আধিকারিক,  
সমবায় অধিকার, হাওড়া রেঞ্জ

ও

অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার  
বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক  
লিমিটেড